ব্যবস্থাপত্র অনুযায়ী ব্যবহার্য

সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন

Cipro-SP (Vet) Oral Solution

(সিপ্রোফ্লক্সাসিন বিপি ১০%)

কার্যকরী উপাদানঃ
প্রতি ১০০ মি.লি. সলিউশনে রয়েছে-
সিপ্রোফ্লক্সাসিন হাইড্রোক্লোরাইড বিপি ১১.৬৪৪ গ্রাম
(যা ১০.০০ গ্রাম সিপ্রোফ্লক্সাসিন-এর সমতূল্য)

বিবরণঃ সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন দ্বিতীয় প্রজন্মের ফ্লোরোকুইনোলন গ্রুপের ব্রড স্পেকট্রাম এন্টিমাইক্রোবিয়াল যা ব্যাকটেরিয়া এবং মাইকোপ্লাজমা এর বিরুদ্ধে কার্যকর।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন হল সেকেন্ড জেনারেশন ফ্লুরোকুইনোলন গ্রুপের ব্রড স্পেকট্রাম ব্যাকটেরিওসাইডাল এন্টিবায়োটিক। এটি ব্যাকটেরিয়ার ডি.এন.এ জাইরেজ এনজাইমকে (স্পেশালি টাইপ-২ টপোআইসোমারেজ এনজাইম) বাধা প্রদান করে, যার কারণে ব্যাকটেরিয়ার ডি.এন.এ সঠিকভাবে গঠন হয় না। ফলে ব্যাকটেরিয়ার বৃদ্ধি ব্যহত হয় এবং মৃত্যু ঘটে। **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** প্রয়োগ করার ১-২ ঘন্টার মধ্যেই রক্তের সর্বোচ্চ প্লাজমা লেভেলে পৌছায়। কিছু কিছু ব্যাকটেরিয়ার উপর **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** এর দীর্ঘমেয়াদী পোষ্ট এন্টিবায়োটিক প্রভাব রয়েছে, যার ফলে রোগটি পুনরায় হওয়ার সম্ভাবনা কমে যায়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন ব্যাকটেরিয়া ও মাইকোপ্লাজমা ঘটিত প্রায় সকল রোগ যেমন-কলিব্যাসিলোসিস, সালমোনেলোসিস, সি.আর.ডি, মাইকোপ্লাসমোসিস, ইনফেকশিয়াস করাইজা, প্যাস্চুরেলোসিস, স্ট্রেপটোকক্কোসিস. ষ্টেফাইলোকক্কোসিস, মেস্টাইটিস, ফুট রট, মেট্রাইটিস এবং অন্ত্রনালির ইনফেকশন বা এন্টারাইটিস (যা গ্রাম পজিটিভ ও গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়া দ্বারা হয়) ইত্যাদির বিরুদ্ধে কাজ করে। এছাড়া রোগ সৃষ্টিকারী অন্যান্য ব্যাকটেরিয়া যেমন-ক্লেবসিয়েলা, শিজেলা, ইয়ারসিনিয়া, এরোমোনাস, প্রোটিয়াস, সিউডোমোনাস, নিজারিয়া, ক্যাম্পাইলোব্যাক্টর ইত্যাদির উপরও **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** কার্যকারিতা প্রদর্শন করে। এ ছাড়াও **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** গামবোরো ও রাণীক্ষেত রোগে আক্রান্ত মোরগ-মুরগির সেকেন্ডারী ব্যাকটেরিয়াল ইনফেকশন দূর করে যার ফলে মোরগ-মুরগির মৃত্যুর হার হ্রাস পায়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
পোল্ট্রিঃ সিপ্রোফ্লক্সাসিন স্বাভাবিকভাবে ৫-১৫ মি.গ্রা./কেজি দৈহিক ওজন হিসাবে ব্যবহার্য।
রোগ প্রতিরোধেঃ ১ মি.লি. **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** ৪-৮ লিটার পানিতে মিশিয়ে পর পর ৩ দিন খাওয়াতে হবে।
রোগ চিকিৎসায়ঃ ১ মি.লি. **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** ১-২ লিটার পানিতে মিশিয়ে পর পর ৩-৫ দিন খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।
"শুধুমাত্র রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিক্রয়/সেবনযোগ্য"।
"ব্যবস্থাপত্রে উল্লেখিত পরিমাণের অধিক ব্যবহার করা যাবে না"।
"রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ মোতাবেক এন্টিবায়োটিকের Full Course সম্পন্ন করুন"।

প্রতিনির্দেশনাঃ সিপ্রোফ্লক্সাসিন-এর প্রতি অতিসংবেদনশীল প্রাণিতে প্রতিনির্দেশিত। সিপ্রোফ্লক্সাসিন ক্লোরামফেনিকল, ম্যাক্রোলিড বা টেট্রাসাইক্লিন এর সাথে একত্রে ব্যবহার করা উচিত নয়।

সতর্কতাঃ যকৃত ও বৃক্ক রোগে আক্রান্ত প্রাণিতে সিপ্রোফ্লক্সাসিন সতর্কতার সাথে ব্যবহার করা উচিৎ।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ কিছু সংখ্যক প্রাণিতে কখনও কখনও খাবারে অরুচি, বমি বমি ভাব, স্নায়ুতন্ত্রের সমস্যা ও ঝিমুনি দেখা যেতে পারে।

গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে ব্যবহারঃ গর্ভাবস্থায়, দুগ্ধদানকারী বা ডিমপাড়া প্রাণিতে সিপ্রোফ্লক্সাসিন-এর নিরাপত্তা সীমা প্রতিষ্ঠিত হয়নি। গর্ভাবস্থায় ও দুগ্ধদানকারী প্রাণিতে রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের দ্বারা ঝুঁকি/সুবিধা মূল্যায়ন পূর্বক ব্যবহার করুন।


ঔষধের মিথস্ক্রিয়াঃ
ঔষধের সাথে- সিপ্রোফ্লক্সাসিন অ্যামিনোগ্লাইকোসাইড, ৩য় প্রজন্মের সেফালোস্পোরিন এবং এক্সটেন্ডেড স্পেকট্রাম পেনিসিলিনের সাথে একত্রে ব্যবহারের ফলে সিনারজিস্টিক প্রভাব দেখাতে পারে। একত্রে ব্যবহারের ফলে সিপ্রোফ্লক্সাসিন রক্তে থিওফাইলিনের মাত্রা ও ওয়ারফারিন-এর প্রভাব বাড়াতে পারে। নাইট্রোফুরান্টোইন সিপ্রোফ্লক্সাসিন-এর এন্টিমাইক্রোবিয়াল কার্যকারিতা হ্রাস করতে পারে।
খাদ্যের সাথে- ম্যাগনেসিয়াম, অ্যালুমিনিয়াম, ক্যালসিয়াম, আয়রণ ও জিঙ্ক সমৃদ্ধ খাবার গ্যাস্ট্রোইনটেস্টাইনাল সিপ্রোফ্লক্সাসিন-এর শোষণ বা মাত্রা হ্রাস করে।

প্রত্যাহার কালঃ পোল্ট্রিঃ মুরগির মাংস-০৭ (সাত) দিন, ডিম- ০৫ (পাঁচ) দিন।

সংরক্ষণঃ আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** ১৫° সেঃ তাপমাত্রার নিচে সংরক্ষণ করা হলে জমাট বাঁধতে পারে ও সলিউশনের রং দেখতে স্বাভাবিক মনে না হলে-ও এর কার্যকারিতা বা গুণাগুণের কোনরূপ পরিবর্তন হয় না। এক্ষেত্রে **সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন** ৪০°-৫০° সেঃ তাপমাত্রায় কিছুক্ষণ রেখে ব্যবহার করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।
সিপ্রো-এসপি (ভেট) ওরাল সলিউশন রেফ্রিজারেটরে সংরক্ষণ করা যাবে না।

সরবরাহঃ ১০০মি.লি. এবং ৫০০মি.লি. প্লাস্টিক বোতলে সরবরাহ করা হয়।

"শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য"



Manufactured by:
Super Power Pharmaceuticals Ltd.
Belabo, Narsingdi, Bangladesh.
Web: www.superpowerpharma.com